

## শিক্ষার্থীদের প্রতি

- ১। পরম করুণাময় আল্লাহ তায়ালাকে স্মরণ করে সকল কাজ আরম্ভ করবে।
- ২। প্রতিষ্ঠানের ইউনিফর্ম পরিধান করে নিয়মিত প্রতিষ্ঠানে আসবে।
- ৩। প্রতিষ্ঠানে মোবাইল নিয়ে আসা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৪। জাতীয় সংগীত, প্রতিষ্ঠান সংগীত, শপথ বাক্য ও সুরা ফাতিহা শুদ্ধ উচ্চারণ করে মুখস্ত করবে।
- ৫। কখনো শ্রেণি কক্ষের ভিতরে, বাইরে বা অন্য কোথাও কোন ছাত্র/ছাত্রী কোন প্রকার অশালীন ব্যবহার করবে না বা অশ্লীল কথাবার্তা বলবে না।
- ৬। স্কুল বসার পূর্বে স্কুল প্রাঙ্গণের কোথাও কোন ছাত্র/ছাত্রী খেলাধুলা করতে পারবে না এবং খেলার কোন সরঞ্জাম নিয়ে শ্রেণি কক্ষে প্রবেশ করবে না।
- ৭। স্কুল বসার ১৫ মিনিট পূর্বে স্কুলে আসবে, যথারীতি 'সমাবেশে' যোগদান করবে এবং সেখান থেকে সারিবদ্ধভাবে শ্রেণি কক্ষে প্রবেশ করবে।
- ৮। শ্রেণি কক্ষে কেউ হৈ-চৈ করবে না এবং অযথা কোন কথা বলা বা হাঁটা চলা করে শৃঙ্খলা পরিপন্থি কোন কাজ করবে না।
- ৯। শ্রেণি ঘন্টা বাজার পর ২/৩ মিনিটের মধ্যে যদি কোন শিক্ষক/শিক্ষিকা শ্রেণি কক্ষে না আসেন, তাহলে 'শ্রেণি মনিটর' সহকারী প্রধান শিক্ষক/শিক্ষিকাকে অবশ্যই জানাবে।
- ১০। স্কুল চলাকালীন সময়ে টিফিন পিরিয়ড ব্যতীত অন্য কোন সময়ে কোন ছাত্র/ছাত্রী শ্রেণিকক্ষের বাইরে যেতে পারবে না।



- ১১। শ্রেণিকক্ষে ময়লা-আবর্জনা, টিফিনের বর্জ্য ইত্যাদি অন্য কোথাও না ফেলে ক্লাসে সংরক্ষিত বুড়িতে বা বাইরে রাখা ডাস্টবিনে ফেলবে।
- ১২। যেখানে সেখানে কফ-থুখু ফেলে পরিবেশ দূষিত করবে না।
- ১৩। বহিরাগত বন্ধু-বান্ধবকে নিয়ে কোন ছাত্র/ছাত্রী প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না।
- ১৪। ছাত্র/ছাত্রীগণ নিজ নিজ ধর্মের বিধান মেনে চলবে। মুসলমান ছাত্র/ছাত্রী অবশ্যই পাঁচ ওয়াক্ত নামাজ পড়বে। টিফিন পিরিয়ডে বিদ্যালয়ের নামাজ ঘরে জোহর ও ছুটির পর আছরের নামাজ আদায় করবে।
- ১৫। খেলাধুলা এবং বিদ্যালয়ের যে কোন অনুষ্ঠানে শালিড়-শৃঙ্খলা, একতা বজায় রাখবে। অনুষ্ঠানকে সুন্দর ও সফল করতে আত্মদ্রিকভাবে চেষ্টা করবে।
- ১৬। কোন ছাত্র/ছাত্রী স্কুল থেকে পলায়ন করলে তাকে চরম শাস্তি ভোগ করতে হবে। প্রতিদিনের অনুপস্থিতির জন্য ৫০ টাকা এবং কলেজের ক্ষেত্রে ১০০ টাকা এবং ক্লাশ পলায়নের জন্য ১০০ টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।
- ১৭। রীতিমত পড়া শিখে স্কুল/কলেজে আসবে এবং বাড়ির কাজ করে আনবে।
- ১৮। প্রতি পিরিয়ডে শিক্ষক/শিক্ষিকাগণ যে পাঠদান করবেন তা সংক্ষিপ্ত ভাবে দৈনিক পাঠের বিবরণী বইতে (ডায়েরিতে) লিপিবদ্ধ করবে। বইটি বুঝতে না পারলে শিক্ষকের সাহায্য প্রার্থনা করবে।
- ১৯। যে সকল ছাত্র/ছাত্রী ৫ম/৮ম/১০ম/দ্বাদশ শ্রেণিতে টেস্ট ও অন্যান্য শ্রেণিতে বার্ষিক পরীক্ষায় ফেল করবে তাদের কোন ক্রমেই প্রমোশন দেয়া হবে না। তাই শিক্ষার্থীদের মনোযোগের সাথে লেখা পড়া করতে হবে।
- ২০। টিউটোরিয়াল পরীক্ষায় অংশ গ্রহণ বাধ্যতামূলক। টিউটোরিয়াল পরীক্ষার নম্বর প্রত্যেক পার্বিক পরীক্ষার সাথে যোগ করা হবে। প্রতি টিউটোরিয়াল পরীক্ষায় অনুপস্থিতির জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জরিমানা প্রদান করতে হবে।
- ২১। বিদ্যালয়ের কো-কারিকুলার ক্লাসে ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণ বাধ্যতামূলক।
- ২২। ব্যবহারের জন্য ক্লাসে স্টিল কিংবা কাঠের স্কেল আনা যাবে না। আনলে ফেরত দেয়া হবে ন।



## সম্মানিত অভিভাবকদের প্রতি

- ১। প্রকৃত অভিভাবক/অভিভাবিকা ডায়েরিতে নিজের পরিচিতি ও নমুনা স্বাক্ষর দেবেন। পিতা-মাতা থাকা সত্ত্বেও দেখা যায় গৃহ-শিক্ষক, চাচা, মামা, বড় ভাই, এদেরকে অভিভাবক হিসেবে দায়িত্ব দেওয়া হয়। পিতামাতাই ছাত্র/ছাত্রীর প্রকৃত অভিভাবক/অভিভাবিকা।
- ২। আপনাদের নিকট বার্ষিক শিক্ষাপঞ্জী উপস্থাপন করা হয়। সে অনুযায়ী বার্ষিক শিক্ষা কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার ক্ষেত্রে সচেষ্টি হোন এবং প্রতিষ্ঠানকে সহযোগিতা করুন।
- ৩। প্রতিদিন আপনাদের ছেলে/মেয়ে/পোষ্য বিদ্যালয় থেকে বাসায় ফেরার পর সেদিন শ্রেণিতে শিক্ষক কোন পিরিয়ড, কি বিষয় পড়িয়েছেন তা দেখে ছেলে/মেয়ের উপস্থিতি ও পাঠসমূহ সম্বন্ধে নিশ্চিত হউন।
- ৪। দৈনিক পাঠের বিবরণী বইতে পরবর্তী দিনের জন্য বিভিন্ন পিরিয়ডে কি পাঠ দেয়া হলো তা দেখুন।
- ৫। আপনার ছেলে/ মেয়ে/পোষ্য কার্যদিবসে ঠিক সময়ে স্কুলে আসে কি না এবং ছুটির পর বাসায় ঠিক সময়ে ফেরে কিনা এবং বাসায় যতক্ষণ থাকে ততক্ষণ নিয়মিত লেখাপড়া করে কিনা লক্ষ্য রাখুন।
- ৬। টিউটোরিয়াল পরীক্ষাগুলোতে আপনার ছেলে/মেয়ে/পোষ্য নিয়মিত উপস্থিত থাকছে কিনা সেদিকে খেয়াল রাখুন।
- ৭। টিউটোরিয়াল/পার্বিক পরীক্ষার খাতা অভিভাবক ভাল করে দেখে স্বাক্ষর দেবেন। অভিভাবক ছাড়া ছাত্র/ছাত্রী নিজে অভিভাবকের স্বাক্ষর নকল করে কিনা বা অন্য কাউকে দিয়ে স্বাক্ষর করায় কিনা সেদিকেও সতর্ক দৃষ্টি রাখুন।
- ৮। বিভিন্ন পরীক্ষাগুলোতে যে সমস্‌ড় বিষয়ে আশানুরূপ ভাল ফল করতে পারছে না বা বার বার ফেল করছে তাদের ব্যাপারে আরও অধিক যত্নবান হউন। প্রয়োজনে বিষয় শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক কিংবা অধ্যক্ষের সাথে পরামর্শ করুন।
- ৯। ছাত্র/ছাত্রী সম্পর্কে যে কোন বিষয়ে আলোচনার জন্য আমন্ত্রণপত্র পাওয়ার পর নির্ধারিত দিনে ও সময়ে অভিভাবক অধ্যক্ষের সাথে দেখা করবেন।
- ১০। প্রতি মাসের বেতন আদায়ের প্রথম তারিখ আপনার ছেলে/মেয়ে/পোষ্য যাতে নিয়মিত বেতন পরিশোধ করে সেদিকে দৃষ্টি রাখুন।
- ১১। কোন ছাত্র/ছাত্রী পরীক্ষায় কোন প্রকার অসদোপায় অবলম্বন করলে ও তার আচার-আচরণে ত্রুটি পরিলাক্ষিত হলে, বিদ্যালয়ের বিধি-বিধান মেনে না চললে বা শৃঙ্খলা পরিপন্থি কোন কাজ করলে, তার ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১২। কোন ছাত্র/ছাত্রী পরীক্ষায় ফেল করলে উপরের শ্রেণিতে তার 'প্রমোশনের' ব্যাপারে কোন প্রকার তদবীর করা চলবে না।
- ১৩। প্রতি সেমিস্টারের পূর্বে কোন শিক্ষার্থী শ্রেণিতে ৮০% উপস্থিতি না হলে অভিভাবক এসে সু-নির্দিষ্ট কারণ দেখাতে না পারলে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে না।